ডিআইজি-এসপিসহ পুলিশের ১৪ কর্মকর্তাকে বদলি



ছবি: সংগৃহীত

পুলিশের বিভিন্ন পদে থাকা ১৪ কর্মকর্তাকে বদলি করে নতুন কর্মস্থলে পদায়ন করেছে সরকার। তাঁদের মধ্যে ডিআইজি, অতিরিক্ত ডিআইজি, পুলিশ সুপার ও অতিরিক্ত পুলিশ সুপার পদমর্যাদার কর্মকর্তা রয়েছেন।

মঙ্গলবার (২৪ নভেম্বর) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পুলিশ-১ শাখা থেকে পৃথক দুটি প্রজ্ঞাপনে এ আদেশ জারি করা হয়। রাষ্ট্রপতির আদেশক্রমে উপসচিব তৌছিফ আহমেদ প্রজ্ঞাপন দুটিতে সই করেন। জনস্বার্থে জারি করা আদেশ অবিলম্বে কার্যকর করার নির্দেশ দেওয়া হয়েছে।

প্রথম প্রজ্ঞাপনে আট কর্মকর্তাকে বদলি ও পদায়ন করা হয়েছে। তাঁদের মধ্যে মুহাম্মদ সাইফুল ইসলামকে পুলিশ অধিদপ্তর থেকে পুলিশ স্টাফ কলেজে অতিরিক্ত ডিআইজি হিসেবে পদায়ন করা হয়েছে। এ.এইচ.এম. শাহাদাত হোসাইনকে পুলিশ অধিদপ্তর থেকে পুলিশ স্টাফ কলেজে পুলিশ সুপার এবং মোহাম্মদ তৌহিদুল ইসলামকে পুলিশ অধিদপ্তর থেকে সিআইডিতে বিশেষ পুলিশ সুপার করা হয়েছে।

মো. সজীব খান সিআইডি থেকে স্পেশাল রেসপন্স ইউনিটে (এসআরইউ) পুলিশ সুপার হিসেবে দায়িত্ব পেয়েছেন। মো. মিজানুর রহমানকে এসবি থেকে রাজশাহী মহানগর পুলিশে (আরএমপি) উপপুলিশ কমিশনার, মাকসুদা খাতুনকে এসবি থেকে ট্যুরিস্ট পুলিশে পুলিশ সুপার এবং মোহাম্মদ মনিরুজ্জামানকে এসবি থেকে নৌপুলিশে পুলিশ সুপার পদে বদলি করা হয়েছে। এ ছাড়া মো. রবিউল ইসলামকে পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই) থেকে এসবিতে বিশেষ পুলিশ সুপার হিসেবে পদায়ন করা হয়েছে।

দ্বিতীয় প্রজ্ঞাপনে বদলি হয়েছেন ছয় কর্মকর্তা। তাঁদের মধ্যে মো. মোয়াজ্জেম হোসেনকে এসবি থেকে এপিবিএনে ডিআইজি এবং মো. সাজ্জাদুর রহমানকে খুলনা মহানগর পুলিশ (কেএমপি) থেকে সিআইডিতে ডিআইজি হিসেবে পদায়ন করা হয়েছে।

মো. আসফিকুজ্জামান আকতার ডিএমপি থেকে কেএমপিতে অতিরিক্ত পুলিশ কমিশনার, মো. নাজিমুল হক চট্টগ্রাম রেঞ্জ ডিআইজির কার্যালয় থেকে সিলেটের আরআরএফে কমান্ড্যান্ট এবং মুনশী শাহাবুদ্দীন ডিএমপি থেকে চট্টগ্রাম রেঞ্জ ডিআইজির কার্যালয়ে অতিরিক্ত ডিআইজি হিসেবে দায়িত্ব পেয়েছেন। অন্যদিকে মো. কামরুল ইসলামকে এসবি থেকে রংপুর মহানগর পুলিশে (আরপিএমপি) অতিরিক্ত উপপুলিশ কমিশনার পদে পদায়ন করা হয়েছে।